রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জুন ৩, ১৯৮৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

শাখা-১১

প্রজ্ঞাপনসমূহ

ঢাকা, ১৭ই জ্যৈষ্ঠ, ১৩৯৬/৩১শে মে, ১৯৮৯

নং এস, আর, ও, ১৭২-আইন/৮৯/শা-১১/১ আর-২/৮৯—রাংগামাটি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৯ নং আইন) এর ধারা ২০(২) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার রাংগামাটি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ চেয়ারম্যান এবং সদস্য (নির্বাচন) বিধিমালা, ১৯৮৯ তে নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালায়,—

(১) বিধি ২১ এর উপ-বিধি (১) এ "বাংলা বর্ণমালার ক্রমানুসারে" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(২) বিধি ২৮ এর পরিবর্তে নিম্নরূপ বিধি প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"২৮। **ব্যালট পেপার।**—(১) সদস্য নির্বাচনের ক্ষেত্রে ভোট রেকর্ড করার জন্য ব্যালট পেপার ফরম 'জ' তে ছাপাইতে হইবে এবং উহাতে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের অনুকূলে বরাদ্দকৃত প্রতীকসমূহ মুদ্রিত হইবেঃ

তবে শর্ত থাকে যে, প্রত্যেক অ-উপজাতীয় ও উপজাতীয় সদস্য নির্বাচনে ভোট রেকর্ড করার জন্য ব্যালট পেপার বিভিন্ন রং এর কাগজ অথবা বিভিন্ন রং এর কালির দ্বারা একটির সংগে অপরটির বিভিন্নতা দেখাইতে হইবে।



মূল্যঃ ৬০ পয়সা

(২) চেয়ারম্যান নির্বাচনে ভোট রেকর্ড করার জন্য ব্যালট পেপার ফরম 'ঝ' তে ছাপাইতে হইবে এবং উহাতে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের অনুকূলে বরাদ্দকৃত প্রতীকসমূহ মুদ্রিত হইবে।" ;

(৩) বিধি ৩৪ এর উপ-বিধি (২) এর দফা (ঙ) এর "ভোটার তালিকার" শব্দগুলির পরিবর্তে "ব্যালট পেপারের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৪) বিধি ৩৮ এর উপ-বিধি (৩) এ—

(ক) দফা (ই) এর "প্রার্থীকে" শব্দটির পরিবর্তে "প্রার্থীকে বা প্রার্থীদিগকে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (ঈ) এর পরিবর্তে নিম্নরূপ দফা প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(ঈ) যতটি পদের জন্য প্রতিদ্বন্দ্বিতা হইতেছে রাবার ষ্ট্যাম্পের (মার্কিং সীলের) চিহ্নের সংখ্যা উহার অতিরিক্ত হইলে ; অথবা" ;

(৫) বিধি ৬২ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি প্রতিস্থাপিত হইবে, যথাঃ

"(১) ভোটগ্রহণ অনুষ্ঠান সমাপ্ত হওয়ার পর মধ্যরাত্রির পূর্ববর্তী ৪৮ ঘন্টার মধ্যে কোন ব্যক্তি নির্বাচনী এলাকায় জনসভা আহবান, অনুষ্ঠান, উহাতে যোগদান বা কোন মিছিলের আয়োজন এবং উহাতে যোগদান করিতে পারিবেন না।" ;

(৬) প্রথম তপসিলের—

(ক) ফরম "ছ" তে "বাংলা ভাষার বর্ণানুক্রমে বিন্যস্ত" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(খ) ফরম "ঝ" তে "নির্বাচনী এলাকার" শব্দগুলির পরিবর্তে "ভোটার এলাকার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

**নং এস, আর, ও ১৭৩-আইন/৮৯/শা-১১/১ আর-২/৮৯**--খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২০ নং আইন) এর ধারা ২০(২) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ চেয়ারম্যান এবং সদস্য (নির্বাচন) বিধিমালা, ১৯৮৯ তে নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালায়,—

(১) বিধি ২১ এর উপ-বিধি (১) এ "বাংলা বর্ণমালার ক্রমানুসারে" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(২) বিধি ২৮ এর পরিবর্তে নিম্নরূপ বিধি প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"২৮। **ব্যালট পেপার।**—(১) সদস্য নির্বাচনের ক্ষেত্রে ভোট রেকর্ড করার জন্য ব্যালট পেপার ফরম 'জ' তে ছাপাইতে হইবে এবং উহাতে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের অনুকূলে বরাদ্দকৃত প্রতীকসমূহ মুদ্রিত হইবেঃ

তবে শর্ত থাকে যে, প্রত্যেক অ-উপজাতীয় ও উপজাতীয় সদস্য নির্বাচনে ভোট রেকর্ড করার জন্য ব্যালট পেপার বিভিন্ন রং এর কাগজ অথবা বিভিন্ন রং এর কালির দ্বারা একটির সংগে অপরটির বিভিন্নতা দেখাইতে হইবে।

(২) চেয়ারম্যান নির্বাচনে ভোট রেকর্ড করার জন্য ব্যালট পেপার ফরম 'ঝ' তে ছাপাইতে হইবে এবং উহাতে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের অনুকূলে বরাদ্দকৃত প্রতীকসমূহ মুদ্রিত হইবে।" ;

(৩) বিধি ৩৪ এর উপ-বিধি (২) এর দফা (ঙ) এর "ভোটার তালিকার" শব্দগুলির পরিবর্তে "ব্যালট পেপারের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৪) বিধি ৩৮ এর উপ-বিধি (৩) এ—

(ক) দফা (ই) এর "প্রার্থীকে" শব্দটির পরিবর্তে "প্রার্থীকে বা প্রার্থীদিগকে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (ঈ) এর পরিবর্তে নিম্নরূপ দফা প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(ঈ) যতটি পদের জন্য প্রতিদ্বন্দ্বিতা হইতেছে রাবার ষ্ট্যাম্পের (মার্কিং সীলের) চিহ্নের সংখ্যা উহার অতিরিক্ত হইলে ; অথবা" ;

(৫) বিধি ৬২ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি প্রতিস্থাপিত হইবে, যথাঃ

"(১) ভোটগ্রহণ অনুষ্ঠান সমাপ্ত হওয়ার পর মধ্যরাত্রির পূর্ববর্তী ৪৮ ঘন্টার মধ্যে কোন ব্যক্তি নির্বাচনী এলাকায় জনসভা আহবান, অনুষ্ঠান, উহাতে যোগদান বা কোন মিছিলের আয়োজন এবং উহাতে যোগদান করিতে পারিবেন না।" ;

(৬) প্রথম তপসিলের—

(ক) ফরম "ছ" তে "বাংলা ভাষার বর্ণানুক্রমে বিন্যস্ত" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(খ) ফরম "ঝ" তে "নির্বাচনী এলাকার" শব্দগুলির পরিবর্তে "ভোটার এলাকার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

**নং এস, আর, ও ১৭৪-আইন/৮৯/শা-১১/১ আর-২/৮৯**—বান্দরবন পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২১ নং আইন) এর ধারা ২০(২) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার বান্দরবন পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ চেয়ারম্যান এবং সদস্য (নির্বাচন) বিধিমালা, ১৯৮৯ তে নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালায়,—

(১) বিধি ২১ এর উপ-বিধি (১) এ "বাংলা বর্ণমালার ক্রমানুসারে" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(২) বিধি ২৮ এর পরিবর্তে নিম্নরূপ বিধি প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"২৮। **ব্যালট পেপার**।—(১) সদস্য নির্বাচনের ক্ষেত্রে ভোট রেকর্ড করার জন্য ব্যালট পেপার ফরম 'জ' তে ছাপাইতে হইবে এবং উহাতে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের অনুকূলে বরাদ্দকৃত প্রতীকসমূহ মুদ্রিত হইবেঃ

তবে শর্ত থাকে যে, প্রত্যেক অ-উপজাতীয় ও উপজাতীয় সদস্য নির্বাচনে ভোট রেকর্ড করার জন্য ব্যালট পেপার বিভিন্ন রং এর কাগজ অথবা বিভিন্ন রং এর কালির দ্বারা একটির সংগে অপরটির বিভিন্নতা দেখাইতে হইবে।

(২) চেয়ারম্যান নির্বাচনে ভোট রেকর্ড করার জন্য ব্যালট পেপার ফরম 'ঋ' তে ছাপাইতে হইবে এবং উহাতে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের অনুকূলে বরাদ্দকৃত প্রতীকসমূহ মুদ্রিত হইবে।";

(৩) বিধি ৩৪ এর উপ-বিধি (২) এর দফা (ঙ) এর "ভোটার তালিকার" শব্দগুলির পরিবর্তে "ব্যালট পেপারের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৪) বিধি ৩৮ এর উপ-বিধি (৩) এ—

(ক) দফা (ই) এর "প্রার্থীকে" শব্দটির পরিবর্তে "প্রার্থীকে বা প্রার্থীদিগকে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (ঈ) এর পরিবর্তে নিম্নরূপ দফা প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(ঈ) যতটি পদের জন্য প্রতিদ্বন্দ্বিতা হইতেছে রাবার ষ্ট্যাম্পের (মার্কিং সীলের) চিহ্নের সংখ্যা উহার অতিরিক্ত হইলে ; অথবা" ;

(৫) বিধি ৬২ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি প্রতিস্থাপিত হইবে, যথাঃ

"(১) ভোটগ্রহণ অনুষ্ঠান সমাপ্ত হওয়ার পর মধ্যরাত্রির পূর্ববর্তী ৪৮ ঘন্টার মধ্যে কোন ব্যক্তি নির্বাচনী এলাকায় জনসভা আহবান, অনুষ্ঠান, উহাতে যোগদান বা কোন মিছিলের আয়োজন এবং উহাতে যোগদান করিতে পারিবেন না।"

(৬) প্রথম তপ্সিলের—

(ক) ফরম "ছ" তে "বাংলা ভাষার বর্ণানুক্রমে বিন্যস্ত" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(খ) ফরম "ঋ" তে "নির্বাচনী এলাকার" শব্দগুলির পরিবর্তে "ভোটার এলাকার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী সিরাজুল হোসেন**
যুগ্ম-সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্‌ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।